



# জেলা পরিষদ

ব্রাহ্মণবাড়িয়া

ফোনঃ ০৮৫১-৫৮৮০০, ফ্যাক্সঃ ০৮৫১-৫৭৫৬৬



উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

web : <http://zp.brahmanbaria.gov.bd>, email- [ceo.zp.brahmanbaria@lgd.gov.bd](mailto:ceo.zp.brahmanbaria@lgd.gov.bd), [zpb.baria@gmail.com](mailto:zpb.baria@gmail.com)

স্মারক নং-৪৬.৪২.১২০০.৩০১.০৫.০১৫.২১-২৬৫

তারিখঃ ০৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ  
২০ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

## “নিয়োগ বিজ্ঞপ্তি”

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ (জেলা পরিষদ শাখা) বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ০৪ আগস্ট ২০২১ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.১১.০০৪.১৭.১৭১৫ নং স্মারকের ছাড়পত্র মোতাবেক জেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়ায় নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য শর্তসাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫)	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা
০১	নিম্নমান সহকারী-কাম- মুদ্রাক্ষরিক/কম্পিউটার অপারেটর	০১(এক)টি	(১৬তম গ্রেড) ৯৩০০-২২৪৯০	১৮-৩০ বছর	(ক) স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড হতে এইচ.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং (খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজীতে ৩০ শব্দের গতি।
০২	অফিস সহায়ক	০২(দুই)টি	(২০তম গ্রেড) ৮২৫০-২০০১০	১৮-৩০ বছর	স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমান পরীক্ষায় উত্তীর্ণ
০৩	নৈশ প্রহরী	০১(এক)টি	(২০তম গ্রেড) ৮২৫০-২০০১০	১৮-৩০ বছর	অষ্টম শ্রেণির স্কুল সার্টিফিকেট/সমমান পরীক্ষায় উত্তীর্ণ

- প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া এর বরাবরে আগামী ২০ অক্টোবর ২০২১ খ্রিঃ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে ডাকযোগে পৌছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য নয়। অসম্পূর্ণ, ত্রুটিযুক্ত ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। অধিকন্তু আবেদনপত্রে কোন সুপারিশ থাকলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত চাকরির আবেদন ফরমে আবেদন করতে হবে। উক্ত আবেদন ফরম জেলা পরিষদের ওয়েবসাইট [www.zp.brahmanbaria.gov.bd](http://www.zp.brahmanbaria.gov.bd) হতে ডাউনলোড করা যাবে।
- আবেদনকারীর বয়স ২০ সেপ্টেম্বর ২০২১ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানদের এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- যাদের বয়স ২৫/০৩/২০২০ তারিখে ৩০ বছরের মধ্যে রয়েছে, তারা আবেদন করতে পারবে।
- কোটা সম্পর্কিত সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে।
- এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। সন্তোষজনক শিক্ষানবিশকাল সমাপ্তির পর বিধি মোতাবেক নিয়োগ স্থায়ী করা হবে।
- আবেদনপত্রের সঙ্গে (ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) ও অন্যান্য সনদ (খ) জাতীয় পরিচয়পত্র/জন্মনবন্ধন সনদ (গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ (ঘ) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা রঙিন ছবি (ঙ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্রসহ সকল কাগজপত্রাদির সত্যায়িত অনুলিপি ১(এক) সেট সংযুক্ত করে দিতে হবে।
- মৌখিক পরীক্ষা গ্রহণের সময় চাহিত কাগজপত্রাদির মূল কপি প্রদর্শন করতে হবে এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা প্রমাণক হিসাবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত প্রমাণক হিসাবে মূল সনদ প্রদর্শন করতে হবে।
- চাকুরিতে প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন দাখিল করতে হবে। কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
- খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।
- আবেদনকারীকে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- দরখাস্ত বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত বিবেচিত হলে প্রার্থীগণকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হবে।
- জেলা পরিষদ তহবিল ব্রাহ্মণবাড়িয়ার হিসাব নং ২০৫০৭৭৭০২০০৭৪৪৪৫৭ (মুদারাবা সঞ্চয়ী হিসাব), ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ এর অনুকূলে ০১ নং ক্রমিকের জন্য ২০০/- (দুইশত) টাকা এবং ০২, ০৩ নং ক্রমিকের জন্য ১০০/- (একশত) টাকা জমা দিয়ে চালানের মূল কপি সংযুক্ত করতে হবে।
- আবেদনকারীর নাম, ঠিকানা উল্লেখ পূর্বক ১০/- (দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকেটযুক্ত ৯.৫X৪.৫ইঞ্চি বিশিষ্ট পৃথক ফেরত খাম জমা দিতে হবে।
- চাকরির শর্তাবলী এবং বেতন ভাতাদি/সুযোগ-সুবিধার ক্ষেত্রে জেলা পরিষদ আইন, ২০০০ এবং স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকরি বিধিমালা, ১৯৯০ ও সংশোধনী ২০০৬ এবং সরকার কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশনাবলী প্রযোজ্য হবে।
- চাকুরিতে নিয়োগের পূর্বে পুলিশ ভেরিফিকেশন ও সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা করা হবে।
- কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন এবং পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ অনিবার্য কারণবশতঃ নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে উক্ত নিয়োগ স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

মোঃ আমিনুল ইসলাম  
প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া